অনুশীলনী-৮.৫

১. বৃত্তের কোন বিন্দুতে কয়টি স্পর্শক আঁকা যায়?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি

২. বৃত্তের বহিস্থ কোন বিন্দু থেকে বৃত্তে কয়টি স্পর্শক আঁকা যায়?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ পাঁচটি

৩. কোন নির্দিষ্ট ত্রিভুজের পরিবৃত্ত আঁকতে কোন কাজটি করতে হবে?
ক যে কোন দুইটি বাহুকে সমদ্বিখন্ডিত করতে হবে
খ দুটি কোণের সমদ্বিখন্ডক নির্ণয় করতে হবে
গ একটি বাহু ও দুটি কোনের সমদ্বিখন্ডক নির্ণয় করতে হবে
ঘ তিনটি কোণের সমদ্বিখন্ডক নির্ণয় করতে হবে

৪. স্থূলকোণী ত্রিভুজের পরিকেন্দ্র কোথায় অবস্থান করবে?
ক ত্রিভুজের অভ্যন্তরে খ ত্রিভুজের বহির্ভাগে
গ ত্রিভুজের ভরকেন্দ্রে
ঘ ত্রিভুজের এক বাহুর উপর

৫. সূক্ষ্মকোণী ত্রিভুজের পরিকেন্দ্র কোথায় অবস্থান করবে?
ক ত্রিভুজের অভ্যন্তরে খ ত্রিভুজের বহির্ভাগে
গ ত্রিভুজের ভরকেন্দ্রে
ঘ ত্রিভুজের যে কোন বাহুর উপর

৬. সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র কোথায় অবস্থান করবে?
ক ত্রিভুজের অভ্যন্তরে খ ত্রিভুজের বহির্ভাগে
গ ত্রিভুজের ভরকেন্দ্রে
ঘ ত্রিভুজের অতিভুজের উপর

৭. একটি ত্রিভুজের কয়টি পরিবৃত্ত আঁকা যায়?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি

৮. কোন ত্রিভুজের কয়টি বহির্বৃত্ত আঁকা যাবে?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি

৯. কোন বৃত্তে একটি নির্দিষ্ট সরলরেখার সমান্তরাল করে কয়টি স্পর্শক আঁকা যাবে?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি

১০. কোন বৃত্তে একটি নির্দিষ্ট সরলরেখার উপর লম্ব হয় এরূপ কয়টি স্পর্শক আঁকা সম্ভব?
ক একটি খ দুইটি
গ তিনটি ঘ চারটি

১১. ৩ সে.মি. ৪.৫ সে.মি. এবং ৫.৫ সে.মি. বাহু বিশিষ্ট ত্রিভুজটি কিরূপ হবে?
ক সমকোণী খ সমবাহু
গ সমদ্বিবাহু ঘ বিষমবাহু

১২. নিচের কোনটির অন্তর্বৃত্ত আঁকা সম্ভব নয়?
ক ত্রিভুজ খ বর্গক্ষেত্র
গ রম্বস ঘ আয়তক্ষেত্র